

THE BENGAL LIBRARY ASSOCIATION

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



General Office & Library: P-134, C.I.T. Scheme-52, Kolkata-700 014

তাং: ১৪.০৬.২০২৬

হাওড়া জেলা শাখার বার্ষিক সাধারণ সভা

বিজ্ঞপ্তি

আগামী ৫ জুলাই, ২০২৬ (রবিবার) দুপুর ১-০০টায় হাওড়া জেলার ব্যাটরা পাবলিক লাইব্রেরির সভাকক্ষে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের হাওড়া জেলা শাখার বার্ষিক সাধারণ সভা (২০২৬-২০২৭ বর্ষ) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের হাওড়া জেলা শাখার সদস্যদের উপস্থিত থাকতে অনুরোধ করা হচ্ছে।

আলোচ্য বিষয়ঃ

- ১। ২০২৪-২৫ ও ২০২৫-২৬ সালের কার্যবিবরণী পেশ ও অনুমোদন
- ২। ২০২৪-২৫ ও ২০২৫-২৬ সালের পরীক্ষিত আয়ব্যয়ের হিসেব পেশ ও অনুমোদন
- ৩। পরিষদের জেলা শাখার ২০২৬-২০২৮ বর্ষের কার্যকরী সমিতি ও কর্মকর্তা নির্বাচন
- ৪। বিবিধ

নমস্কারান্তে,

জয়দীপ চন্দ

(ড. জয়দীপ চন্দ)

কর্মসচিব

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



THE BENGAL LIBRARY ASSOCIATION

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



General Office & Library: P-134, C.I.T. Scheme-52, Kolkata-700 014

পথনির্দেশঃ সাধারণ সভার স্থান ব্যাটরা পাবলিক লাইব্রেরি, ৪২/৩ লক্ষ্মীনারায়ণ চক্রবর্তী লেন, কদমতলা, হাওড়া, পিন-৭১১১০১। হাওড়া স্টেশন বা হাওড়া ময়দান থেকে কদমতলাগামী বাসে কদমতলা বাজার বাস স্টপে নেমে হেঁটে বা টোটোতে সভাস্থলে পৌঁছতে হবে।

অন্যান্য তথ্যঃ ১ জন সভাপতি, ২ জন সহ-সভাপতি, ১ জন জেলা সম্পাদক, ১ জন সহ-সম্পাদক, ১ জন কোষাধ্যক্ষ, ৫ জন ব্যক্তিগত সদস্য এবং ১ জন প্রাতিষ্ঠানিক সদস্য এই সাধারণ সভা থেকে নির্বাচিত হবে। **বৈধ প্রার্থী ও ভোটদানের অধিকারী হতে গেলে পরিষদের চাঁদা পরিশোধ থাকা চাই এবং ন্যূনতম একবছর মেয়াদী সদস্যপদ থাকা চাই।** মনোনয়নপত্র বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের কেন্দ্রীয় কার্যালয় (পদ্মপুকুর, কলকাতা-৭০০০১৪) থেকে আগামী ১৬.০৬.২০২৬ - ২৫.০৬.২০২৬ তারিখের মধ্যে দুপুর ৩টে থেকে সন্ধ্যে ৭টা ৩০ পর্যন্ত (রবিবার ও ছুটির দিন বাদে) ইচ্ছুক বৈধ সদস্যদের হাতে তুলে দেওয়া হবে। যথাযথভাবে পূরণ করা মনোনয়নপত্র একজন প্রস্তাবকের স্বাক্ষর সহ আগামী ২৫.০৬.২০২৬ তারিখের মধ্যে পরিষদের কেন্দ্রীয় কার্যালয়ে সন্ধ্যে ৭টা ৩০-এর মধ্যে জমা দিতে হবে। প্রস্তাবককে অবশ্যই পরিষদের বৈধ সদস্য হতে হবে। মনোনয়নপত্র পরীক্ষা হবে পরিষদের কেন্দ্রীয় কার্যালয়ে আগামী ২৭ জুন, ২০২৬ তারিখে বিকেল ৪টের সময়ে। মনোনয়নপত্র প্রত্যাহারের তারিখ আগামী ২৯ জুন, ২০২৬ তারিখ বিকাল ৫টার মধ্যে ও চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ আগামী ২৯ জুন, ২০২৬ তারিখে রাত ৮টায়। চূড়ান্ত ভোটের তালিকা প্রকাশিত হবে আগামী ২৯ জুন, ২০২৬ তারিখে। বার্ষিক সাধারণ সভায় যোগদান এবং ভোটদানে ইচ্ছুক মেয়াদ উত্তীর্ণ সদস্যদের অবশ্যই আগামী ২৫ জুন, ২০২৬ তারিখের মধ্যে পরিষদের সদস্যপদ পুনর্নবীকরণ করতে হবে। বার্ষিক সাধারণ সভায় যোগদানের জন্য ইচ্ছুক প্রতিনিধিদের ১০০.০০ টাকা করে প্রতিনিধি ফি দিতে হবে। বার্ষিক সাধারণ সভার দিনে সভাস্থলে পরিষদের নতুন সদস্যপদ গ্রহণ ও সদস্যপদ নবীকরণ করা যাবে। এক্ষেত্রে দেয় চাঁদার পরিমাণঃ ব্যক্তিগত সদস্য → ১৫০.০০ টাকা জনপ্রতি; আজীবন সদস্য → ২০০০.০০ টাকা জনপ্রতি এবং প্রাতিষ্ঠানিক সদস্য → ৩০০.০০ টাকা প্রতিষ্ঠানপ্রতি। দুই বছরের জন্য সদস্যপদ নবীকরণ করা যাবে। তবে বার্ষিক সাধারণ সভার দিনে সদস্যপদ নবীকরণ করলেও ভোটদানের ক্ষেত্রে তা ধার্য্য হবে না। বার্ষিক সাধারণ সভায় যোগদানের জন্য এই জেলার প্রত্যেক সদস্যকে পরিষদের পক্ষ থেকে সনির্বন্ধ অনুরোধ করা হচ্ছে।